## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

### অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩ (১) ধারা মোতাবেক

### মোকাম-বিজ্ঞ জজ অর্থঋণ আদালত নং-১, ঢাকা।

### অর্থজারী মোকদ্দমা নং-৬৪০/২০২৫

সোনালী ব্যাংক পিএলসি, নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা, নারায়ণগঞ্জ, উক্ত শাখার পক্ষে-ডেপুটি জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা, থানা ও জেলা-নারায়ণগঞ্জ।

...............ডিক্রীদার।

**-বনাম-**

১। মেসার্স জান্নাতুল ফেরদৌস ফ্যাশন হাউস, মালিক মোঃ জাহাঙ্গীর, সাং-নিউ ফ্রেন্ডস মার্কেট (২য় তলা), ৩৩ ও ৩৪ নং দোকান, হাসান সাহেবের বিল্ডিং, শায়েস্তা খান রোড, কালীর বাজার, পোঃ, থানা ও জেলা- নারায়ণগঞ্জ ।

২। মোঃ জাহাঙ্গীর, মালিক মেসার্স জান্নাতুল ফেরদৌস ফ্যাশন হাউস, পিতা-মৃত কালাই হাওলাদার, মাতা-মৃত সুফিয়া খাতুন, সাং-মোল্লাবাড়ী, মাতুয়াইল পশ্চিমপাড়া, পোঃ-মাতুয়াইল-১৩৬২, থানা-যাত্রাবাড়ী, জেলা-ঢাকা।

৩। মোসাঃ মিনা বেগম, স্বামী-মোঃ জাহাঙ্গীর, মাতা-মোসাম্মৎ বেগম, সাং-মোল্লাবাড়ী, মাতুয়াইল পশ্চিমপাড়া, পোঃ-মাতুয়াইল-১৩৬২, থানা-যাত্রাবাড়ী, জেলা-ঢাকা।

.................দায়িকগন।

এতদ্বারা ডিক্রিদারের প্রাপ্য ৩১/১২/২০২১ ইং তারিখ পর্যন্ত পাওনা ১৪,৩২,৬৭১.০০/- (চৌদ্দ লক্ষ বত্রিশ হাজার ছয়শত একাত্তর দশমিক শুন্য শুন্য) টাকা আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী নিলাম ক্রেতাদেরকে অত্র বিজ্ঞপ্তিসহ তাহাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা প্রদত্ত দর অংকে ও কথায় জামানতের বিবরণ লিখিয়া সহি স্বাক্ষরিত সীল মোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে। আগামী .....30/08/2025..... ইং তারিখে বেলা ২.০০ ঘটিকার মধ্যে নিলাম ক্রয়ে ইচ্ছুক প্রত্যেক দর দাতাকে জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আদালতের অনুকূলে দরপত্রের সহিত রেজিষ্ট্রী ডাকযোগে অথবা অফিসে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করিতে হইবে। উক্ত দিবসে উপস্থিত দর দাতাদের সম্মুখে দরপত্র খোলা হইবে। সর্বোচ্চ দর গ্রহণের বিষয়টি আদালতের বিবেচনা সাপেক্ষে।

**শর্তাবলীঃ**

১. আগামী ----30/08/2025 ইং তারিখে বেলা ০২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্র আদালতে রক্ষিত দরপত্র গ্রহনের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

২. নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম দর পত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর যদি থাকে প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর "সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করতে হবে।

৩. নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হইবে।

৪. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০%, উদ্ধৃত দর-১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ-৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সম পরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার অর্থঋণ আদালত নং-১, ঢাকা এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হইবে।

৫. দর দাতার অনুর্ধ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০(ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্ধৃত দর গৃহীত হবার ৯০(নব্বই) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তাহা করতে ব্যর্থ হলে আদালত জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

৬. দরদাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে ঐ একই দিন অর্থাৎ ---30/08/2025 ইং তারিখ দুপুর ০২.০০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হবে।

৭. দরপত্রের প্রদত্ত মূল্য অস্বাভাবিক, কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

CS CamScanner

০০ MAY 2025

৮. তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দর দাতাকে বহন করতে হবে।

৯. উপরে বর্ণিত ক্রমিক নং ৫ এর অধীনে প্রথম দরপত্র দাতার জামানতের টাকা বাজেয়াপ্ত হইলে উহা অর্থ আদালত ডিক্রীদারকে প্রদান পূর্বক ডিক্রীকৃত দাবীর সহিত উক্ত অর্থ সমন্বয় করিবে। এবং আদালত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানত একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, আদালত অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ধারা ৩৩ (৩) ধারা অনুযায়ী দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহ্বান করিবেন, এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হইবার পর উক্ত আইনের উপধারা ২(খ) এর নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে, তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ ডিক্রীদারকে ডিক্রীর দাবীর সহিত সমন্বয় করিবার জন্য প্রদান করা হইবে।

১০. দরপত্র জমা দেওয়ার পর ডিক্রীর প্রস্তাবিত সম্পত্তির গুণ, মাণ, পরিমান ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

১১. দরপত্র গৃহিত না হইলে জামানতের টাকা যথা সময়ে ফেরত দেয়া হবে।

১২. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩. সম্পত্তি রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও অন্যান্য কর ক্রেতাকে বহন করতে হবে।

১৪. আইনের বিধানমতে ঋণের বিপরীতে দায়বদ্ধ সম্পত্তির দখল ক্রেতার অনুকূলে সমর্পনের ব্যবস্থা করা হইবে।

১৫. নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকের অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

## তফসিল

জে এল নং-সি. এস-
জেলা- ঢাকা, থানা সাবেক ডেমরা, হালে যাত্রাবাড়ী, মৌজা-মাতুয়াইল, জে এল নং-সি. এস-৩৩২, এস এ-১৫৪, আর এস-২৫, মহানগর-২০:-

| খতিয়ান | দাগ নং | রকম | ভূমির পরিমাণ |
|---|---|---|---|
| সি এস-১৬৮ | সি এস-২৭৮৭ | বাড়ী | ০২(দুই শতাংশ বা ২০০ অযুতাংশ ও তদস্থিত যাবতীয় নির্মানাদী সহ |
| এস এ-২২৯ | এস এ-২৭৮৭ | | |
| আর এস-১৮৬০ | আর এস-৩৮৭০ | | |
| মহানগর-১০৩৭৭ | মহানগর-২৩১৫০ | | |
| নামজারী-১৯৭২৬ | | | |

যাহার সাফ-কবলা দলিল নং-১৫৫১৮, তারিখ-০৬/১২/২০১০ইং এর তফসিলভুক্ত।

আদালতের আদেশক্রমে-

সেরেস্তাদার
অর্থঋণ আদালত নং-১, ঢাকা।

CamScanner